



বি-আর পাওয়ারজেন লিমিটেড
ঢাকা স্কয়ার, বাড়ী নং # ০১, রোড নং # ১৩,
সেক্টর # ০১ উত্তরা, ঢাকা-১২৩০।
ডিজিএম (এইচআর ও এডমিন) এর দপ্তর



স্মারক নম্বর: ২৭.৩১.০০০০.৫০০.১৭.০০৩.১৮.৩৩০

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

বিষয়: ডেক্সটপ কম্পিউটার সরবরাহ এর জন্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।

প্রতি

.....
.....
.....

১. বি-আর পাওয়ারজেনে লিঃ এর নিজস্ব তহবলি এর আওতায় বর্ণিত মালামাল ক্রয়ের নিমিত্ত প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারীর নিকট হতে দর আহবানের জন্য এ কোটেশন দলিল জারি করা হলো।
২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত, বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. “কোটেশন দলিল” ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।
৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোন জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৬. সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে দুপুর ১২:০০ ঘটিকা, তারিখ ২৩-০৮-২০২০ খ্রিঃ এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে “ডেক্সটপ কম্পিউটার সরবরাহ এর জন্য কোটেশন কোটেশন এবং দুপুর ১২:৩০ ঘটিকা ২৩-০৮-২০২০ খ্রিঃ এর আগে খোলা যাবে না” লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোল্লিখিত ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
৮. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তিসংগত করতে পারবেন।
৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ০৩ মাস পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।
১০. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উদ্ধৃত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেডে এবং সবধরনের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।
১২. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
১৩. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোন তফসিলি ব্যাংক থেকে রূআর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৫. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ১৫ (পনের) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৬. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষরঃ

নামঃ মোঃ ওয়াহিদুর রহমান
পদবীঃ ডিজিএম (এইচআর ও এডমিন)
তারিখঃ
ঠিকানাঃ বাড়ী নং-০১, রোড-১৩, সেক্টর-০১,
উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩

১৮-৮-২০২০

১৮-৮-২০২০

মোঃ ওয়াহিদুর রহমান

ডিজিএম

ফোন: ৪৮৯৫৫৬৫২

ইমেইল:

dgmhr@brpowergen.gov.bd

বিতরণ (বিজ্ঞপ্তি প্রচারের জন্য বিনীত অনুরোধ করা হল):

- ১) নির্বাহী পরিচালক, প্রকৌশল বিভাগ, বুরাল পাওয়ার কোম্পানী লিমিটেড।
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
- ৩) নোটিশ বোর্ড।

স্মারক নম্বর: ২৭.৩১.০০০০.৫০০.১৭.০০৩.১৮.৩৩০/১

তারিখ: ৩ ভাদ্র ১৪২৭

১৮ আগস্ট ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অফিস কপি।

১৮-৮-২০২০

১৮-৮-২০২০

মোঃ ওয়াহিদুর রহমান

ডিজিএম